



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/সংস্থাপন/আপিল এন্ড আরবিট্রেশন/ ৫৬৬

তারিখ: ১১ জ্যৈষ্ঠ ১৪২৮
২৫ মে ২০২১

বিষয় : বরগুনা জেলার তালতলি উপজেলাধীন কড়ই বাড়ীয়া দারুসুন্নাত দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) জনাব মো: মোফাজ্জল হোসাইন এর চাকুরী থেকে বরখাস্ত অনুমোদন প্রসঙ্গে

সূত্র : মাদ্রাসা কর্তৃপক্ষের ০৫/১১/২০২০ খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বরগুনা জেলার তালতলি উপজেলাধীন কড়ই বাড়ীয়া দারুসুন্নাত দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) জনাব মো: মোফাজ্জল হোসাইন এর চাকুরী থেকে বরখাস্ত অনুমোদনের বিষয়টি ২৭.০১.২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সভায় উপস্থাপন করা হয়।

মাদ্রাসা কর্তৃপক্ষ কর্তৃক দাখিলকৃত কাগজপত্র বিস্তারিত পর্যালোচনায় দেখা যায় সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) জনাব মো: মোফাজ্জল হোসাইনকে চূড়ান্ত বরখাস্ত করার পূর্বে কোন প্রকার তদন্ত কমিটি গঠন করা হয়নি। কোন প্রকার তদন্ত কমিটি গঠন না করায় ও বরখাস্ত প্রক্রিয়া সঠিক না হওয়ায় আপিল এন্ড আরবিট্রেশন কমিটি কর্তৃক জনাব মো: মোফাজ্জল হোসাইন এর বরখাস্ত সংক্রান্ত আবেদনটি খারিজ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



২৫.০৫.২০২১

(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd




- প্রাপকঃ ১) সভাপতি, ম্যানেজিং কমিটি, কড়ই বাড়ীয়া দারুসুন্নাত দাখিল মাদ্রাসা, তালতলি, বরগুনা;
২) সুপার (ভারপ্রাপ্ত) কড়ই বাড়ীয়া দারুসুন্নাত দাখিল মাদ্রাসা, তালতলি, বরগুনা;
৩) জনাব মো: মোফাজ্জল হোসাইন, সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান), কড়ই বাড়ীয়া দারুসুন্নাত দাখিল মাদ্রাসা, তালতলি, বরগুনা;

নং-বামাশিবো/সংস্থাপন/আপিল এন্ড আরবিট্রেশন/ ৫৬৬

তারিখ: ১১ জ্যৈষ্ঠ ১৪২৮
২৫ মে ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৩। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা;
- ৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা, তালতলি, বরগুনা;
- ৫। জেলা শিক্ষা অফিসার, বরগুনা;
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তালতলি, বরগুনা;
- ৭। সদস্যবৃন্দ, ম্যানেজিং কমিটি, কড়ই বাড়ীয়া দারুসুন্নাত দাখিল মাদ্রাসা, তালতলি, বরগুনা;
- ৮। পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
- ৯। অফিস কপি।


২৫/৫/২১

(মোঃ ওমর ফারুক)

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd

